গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আত্রাই নওগাঁ।
(atrai.naogaon.gov.bd)

স্মারক নং :-০৫.৪৩.৬৪০৩.০০০.০২.০০৩.১৬-৪৭(১৫০) তারিখ :- ১৭/০১/২০১৬ খ্রিঃ।

আত্রাই উপজেলাধীন হাট-বাজারের দরপত্র বিজ্ঞপ্তি
বিজ্ঞপ্তি নং-১ (১ম পর্যায় হতে ৪র্থ পর্যায় পর্যন্ত)

এতদদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আত্রাই উপজেলাধীন নিম্ন উল্লিখিত তপশীল মোতাবেক ১৪২৩ বাংলা সনের ১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ১৪২৩ বাংলা সন পর্যন্ত ১ (এক) সন মেয়াদে দরপত্রের মাধ্যমে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। ইজারা বন্দোবস্ত গ্রহনে আগ্রহী ব্যক্তি/ইজারাদার/ ব্যবসায়ীক গণের নিকট হতে অপর পৃষ্ঠায় বর্ণিত শর্ত মোতাবেক সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) , আত্রাই এর কার্যালয়, সোনালী ব্যাংক লি:,আত্রাই শাখা, থানা (পুলিশ ষ্টেশন,আত্রাই) ও অত্রাফিস হতে অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যাতিত) নির্ধারিত মূল্যে, নগত অর্থে (অফেরত যোগ্য) ক্রয় করা যাবে।

দরপত্র সমূহ নিম্নের সময় সূচী অনুসারে সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত সময়ের মধ্যে বিনা ব্যর্থতায় জেলা প্রশাসক,নওগাঁ মহোদয়ের কার্যালয়ে, পুলিশ সুপারের কার্যালয়,নওগাঁ, সহকারী কমিশনার (ভূমি),আত্রাই এর কার্যালয় এবং অত্রাফিসে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে। ঐ দিন দুপুর ১.৩০ টায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র গ্রহনের তারিখে কোন দরপত্র সিডিউল ফরম বিক্রয় করা হবে না। এ বিষয়ে বিস্তারিত তথ্যবলি ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে এবং atrai.naogaon.gov.bd ওয়েভ সাইড হতে দরপত্র/সিডিউল ফরম ডাউনলোড করা যাবে এবং ডাউনলোড কৃত ফরম পুরণ করে সংশ্লিষ্ট হাটের সিডিউল মূল্য বাবদ উপজেলা নির্বাহী অফিসার আত্রাই এর অনুকুলে অফেরতযোগ্য পে-অর্ডার করে জমা করা যাবে। উল্লেখ্য কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে।

হাট বাজারের তালিকা ও তপশীল নিম্নরুপ:

| ক্র:নং | হাট-বাজারের নাম | হাটের অবস্থান (ইউ,পির নাম) | ১৪২৩ সনের স্থিরকৃত সম্ভাব্য মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ভবানীপুর হাট এন্ড বাজার | সাহাগোলা | ৫,৭৮,৫০০/- | ১,৮০০/- |
| ২ | কাশিবাড়ী হাট | ভোঁপাড়া | ৪,৮০,৫০২/- | ১,৬০০/- |
| ৩ | তিলাবাদুরী হাট | ঐ | ৩৬,২৯১/- | ৫০০/- |
| ৪ | আহসানগঞ্জ হাট | আহসানগঞ্জ | ১,০৪,৬৩,৩৬৭/ | ২১,৬০০/- |
| ৫ | শুকটিগাছা হাট | ঐ | ১,১৩,৭৩৪/- | ১,০০০/- |
| ৬ | ব্রজপুর হাট | ঐ | ৭৭,৭০০/- | ৫০০/- |
| ৭ | সাহেবগঞ্জ হাট এন্ড বাজার | পাঁচুপুর | ৮৮,৩৬৭/- | ৫০০/- |
| ৮ | বুড়িগঞ্জ হাট | ঐ | ৮,১৪৫/- | ৫০০/- |
| ৯ | সমসপাড়া হাট | বিশা | ৪,৬৯,৮২৩/- | ১,৬০০/- |
| ১০ | ইসলামগাঁথী হাট | ঐ | ২৩,৪২০/- | ৫০০/- |
| ১১ | পতিসর হাট | মনিয়ারী | ২,২৯,৭০২/- | ১,২০০/- |
| ১২ | নওদুলী হাট | ঐ | ৪,৭৩,৩৬৭/- | ১,৬০০/- |
| ১৩ | পাইকড়া হাট | কালিকাপুর | ৬৫,৮০১/- | ৫০০/- |
| ১৪ | কুশাতলা হাট এন্ড বাজার | ঐ | ২৯,৪০০/- | ৫০০/- |
| ১৫ | বান্দাইখাড়া হাট এন্ড বাজার | হাটকালুপাড়া | ৬,৯১,০৬৭/- | ২,০০০/- |
| ১৬ | মোজাহারগঞ্জ হাট | ঐ | ৫,৫৭০/- | ৫০০/- |
| ১৭ | নন্দনালী হাট | ঐ | ২,৫৭৪/- | ৫০০/- |

দরপত্র বিক্রয়,গ্রহণ ও খোলার সময় সূচী:

| ক্র:নং | বার | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ১ম পর্যায় | ২৩/০২/২০১৬ইং বিকাল ৫.০০ টা | ২৪/০২/২০১৬ইং দুপুর ১.০০ টা | ২৪/০২/২০১৬ইং দুপুর ১.৩০ টা | (বি:দ্র: বর্ণিত সময় সূচীমোতাবেক ১ম পর্যায়ে যে সকল হাটের দরপত্র গৃহীত হবেনা বা দরপত্র পাওয়া যাবেনা ২য় পর্যায়ে শুধু সে সমস্ত হাট বাজারের দরপত্র গ্রহণ করা হবে এবং একই ভাবে ২য়,৩য় ও ৪র্থ বারের দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদা কোন বিজ্ঞপ্তি জারী করা হবেনা। |
| ২ | ২য় পর্যায় | ১৫/০৩/২০১৬ইং বিকাল ৫.০০ টা | ১৬/০৩/২০১৬ইং দুপুর ১.০০ টা | ১৬/০৩/২০১৬ইং দুপুর ১.৩০ টা | |
| ৩ | ৩য় পর্যায় | ০৬/০৪/২০১৬ইং বিকাল ৫.০০ টা | ০৭/০৪/২০১৬ইং দুপুর ১.০০ টা | ০৭/০৪/২০১৬ইং দুপুর ১.৩০ টা | |
| ৪ | ৪র্থ পর্যায় | ২৫/০৪/২০১৬ইং বিকাল ৫.০০ টা | ২৬/০৪/২০১৬ইং দুপুর ১.০০ টা | ২৬/০৪/২০১৬ইং দুপুর ১.৩০ টা | |

১৭।১।১৬

(মোঃ মোখলেছুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
আত্রাই,নওগাঁ।
টেলিফোন ০৭৪২২-৭১০০৮
email;unoatrai @ mopa.gov.bd

১৭।০১।১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আত্রাই নওগাঁ।
(atrai.naogaon.gov.bd)

স্মারক নং :-০৫.৪৩.৬৪০৩.০০০.০২.০০৩.১৬- ৪৭(১৫০) তারিখ :- ১৭/০১/২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। কমিশনার, রাজশাহী বিভাগ,রাজশাহী।
০৩। জেলা প্রশাসক, নওগাঁ।
০৪। পুলিশ সুপার,নওগাঁ।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রা:),নওগাঁ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ সহ প্রেরণ করা হলো।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,আত্রাই,নওগাঁ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার.......................................................(সকল) নওগাঁ।
০৮। সহকারী কমিশনার (ভূমি), আত্রাই, তাকে তার অধীনস্থ ইউনিয়ন ভূমি অফিসের মাধ্যমে ব্যাপক প্রচার অন্তে প্রতিবেদন প্রেরণের জন্য এবং তার কার্যালয়ে দরপত্র গ্রহনের দিনে সময়সূচী অনুযায়ী টেন্ডার বাক্স সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।
০৯। উপজেলা ....................................................... অফিসার, আত্রাই,নওগাঁ।
১০। ভার প্রাপ্ত কর্মকর্তা,আত্রাই থানা। তাকে সিডিউল বিক্রয়ের শেষ দিনে এবং দরপত্র গ্রহণের দিনে নিম্ন স্বাক্ষরকারী ও সহকারী কমিশনার (ভূমি),আত্রাই এর কার্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগ দানের জন্য অনুরোধ করা হলো।
১১। ম্যানেজার, সোনালী ব্যাংক লি:,আত্রাই শাখা,আত্রাই।
১২। কমান্ডার,মুক্তিযোদ্ধা সংসদ,আত্রাই উপজেলা শাখা।
১৩। চেয়ারম্যান,..................................... (সকল) ইউ,পি , আত্রাই। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউ,পির অন্তর্গত হাট-বাজার সমূহে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪। জনাব ......................................... প্রাক্তন ইজারাদার/বর্তমান ইজারাদার/.........................হাট-বাজার,আত্রাই। তাকে হাটে ঢোল শহরতের মাধ্যমে বিজ্ঞপ্তি প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫। নোটিশ বোর্ড (সকল) ............................ আত্রাই,নওগাঁ।

১৭।০১।১৬

(মোঃ মোখলেছুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
আত্রাই,নওগাঁ।
টেলিফোন ০৭৪২২-৭১০০৮
email;unoatrai @ mopa.gov.bd

১৭/০১/১৬

১৪২৩ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী:

শর্তাবলী :

১। বাংলা ১৪২৩ সনের ১ বৈশাখ হতে ১৪২৩ সনের ৩০ চৈত্র ০১ (এক) বছর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তপশীলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার,আত্রাই,নওগাঁ এর অনুকুলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্যহবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাঁকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট -বাজার নিজ খরচে পরিষ্কার - পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহিত টাকা জমা কারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।

৩। যাহার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শত করা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের /হাটের জমা কৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহন করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্ব্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয় কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হরে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম,ঠিকানা ও বাজারের নাম স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চাট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীল মোহর কৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব - লীজ দিতে পারে না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়কর সহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০ (দুই শত পঞ্চাশ) টাকা মাত্র নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কতৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্ব্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা মাজা, কাটাকাটি, লিখার উপর লিখা দরপত্র গ্রহন যোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গন্য হবে এবং দখল কৃত সময়ে হারা হারি ভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখে যে কোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। ইজারাদার সংশ্লিষ্ট হাট/বাজারের ইজারা মূল্যের উপর ইউনিয়ন পরিষদ কর্তৃক ধার্য্যকৃত ইউ,পির কর পরিশোধ করতে হবে।

২৭/০১/১৬

উপজেলা নির্বাহী অফিসার
আত্রাই,নওগাঁ।

২৭/০১/১৬